

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫০১(আগরতলা, ০৭।০৩)
আমবাসা, ০৭ মার্চ, ২০১৯

১০ এপ্রিল থেকে গন্ডাছড়ায়
রাজ্যভিত্তিক বৈশু উৎসব

১০ এপ্রিল থেকে গন্ডাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ৩দিনব্যাপী রাজ্যভিত্তিক বৈশু উৎসব শুরু হচ্ছে। এই উৎসব চলবে ১২ এপ্রিল পর্যন্ত। শুরুর দিন ১০ এপ্রিল স্বচ্ছভারত অভিযান কর্মসূচির অঙ্গ হিসাবে সাফাই অভিযান করা হবে। সন্ধ্যায় হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। ১১ এপ্রিল হবে রক্তদান শিবির এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। উৎসবের শেষের দিন ১২ এপ্রিল সেমিনার, আলোচনাসভা ছাড়াও থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠান।

এই উৎসবকে সফল করে তোলার জন্য আজ ধলাই জেলাশাসকের কনফারেন্স হলে জেলাশাসক বিকাশ সিং-এর সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিধায়ক শম্ভুলাল চাকমা, বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠক থেকে এই উৎসবকে সফল করে তোলার জন্য বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরাকে চেয়ারম্যান করে একটি কমিটি গঠন করা হয়েছে।
